

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৫.০২৭.০৮.৫৯.০৫৯.২০১৫-৭৭০—যেহেতু, জনাব মোঃ আশরাফ আলী, ভাইস চেয়ারম্যান, নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত নবীগঞ্জ থানার মামলা নং-২১/২৬৬, তাং-১৭-০৯-২০১৪ [জি,আর ২৬৫/১৪ (নবী)] মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে ;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ আশরাফ আলী, ভাইস চেয়ারম্যান, নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে ;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩খ(১) ধারা অনুসারে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আশরাফ আলী-কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

লুৎফুন নাহার

সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১২৫১১ )

মূল্য : টাকা ৪.০০